# এবার ১২ দফা দিলো বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২৩:৫৩, ১৩ নভেম্বর ২০২৪




ছবি: সংগৃহীত

উপদেষ্টা হিসেবে সদ্য নিয়োগ পাওয়া মোস্তফা সরয়ার ফারুকী ও সেখ বশিরকে অপসার আগামীতে রাষ্ট্রযন্ত্রের প্রতিটি ক্ষেত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণ, আহ ও নিহতদের পরিবারকে পুনর্বাসনসহ ১২ দফা দাবি নিয়ে সংবাদ সম্মেলন করেছেন বেসরকা বিশ্ববিদ্যালয়ের বৈষম্যবিরোধী আন্দোলনের শিক্ষার্থীরা। সংবাদ সম্মেলনের শুরুতে তা বলেন, দেশবাসী বিশ্বাস করেন পাবলিক, মাদ্রাসা ও অন্যদের পাশাপাশি প্রাইভেটের অবদা কোনও অংশে কম নয়। এই বিশ্বাস থেকে প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের বৈষম্যবিরোধী ছা আন্দোলনের শিক্ষার্থীরা দাবিগুলো উত্থাপন করছেন।

UNIBOTS

বুধবার (১৩ নভেম্বর) জাতীয় প্রেস ক্লাবের তফাজ্জল হোসেন মানিক মিয়া হলে ‘বাংলাদেশে ২.০ এর সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় সম্মিলিত বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের অবস্থান শিরোনামে এই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

ছাত্র-জনতার অংশীদারত্ববিহীন সিদ্ধান্তে উপদেষ্টা পরিষদে ফ্যাসিবাদের দোসর মোস্তফ সরয়ার ফারুকী ও সেখ বশিরকে স্থান দেওয়া হয়েছে, যা শহীদের রক্তের সঙ্গে স্পষ্ট বেইমানি গাদ্দারি এবং জুলাই বিপ্লবের স্পিরিট পরিপন্থি। জুলাই বিপ্লবের স্পিরিটকে ধারণ করে না, এম ব্যক্তিদের উপদেষ্টা পরিষদ থেকে অপসারণ করতে হবে এবং আগামীতে এমন কোন ব্যক্তিকে নিয়োগ দেওয়া যাবে না।

ইচ্ছেমতো উপদেষ্টা নিয়োগ দেওয়া যাবে না উল্লেখ করে তারা বলেন, উপদেষ্টা পরিষদে কার যাবে তার একটা কমিটি থাকতে হবে। এতে রাজনৈতিক দল, প্রতিটি প্রাইভেট-পাবলিক বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসা ছাত্ররা অন্তর্ভুক্ত হবে। গণহত্যার বিচার নিশ্চিত করতে হবে। এবং সে কার্যক্রম পরিচালনায় ছাত্রদের অন্তর্ভুক্তি করে তদন্ত কমিটি করতে হবে। সংবিধান পুনর্লিখ ও সংস্কার করতে হবে। তাদের দাবি, প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীরা যেহেতু নিজস্ব অর্থায়ে পড়ে, সেহেতু ১৫ শতাংশ আরোপিত ভ্যাট বাতিল করতে হবে। গবেষণায় বরাদ্দ বাড়াতে হবে।

সংবাদ সম্মেলনে তারা বলেন, অন্তর্বর্তী সরকার ও উপদেষ্টারা সার্বিক বিষয়ে সিদ্ধান্ত গ্রহে ছাত্রদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রক্ষা করার কথা থাকলেও তারা সেটি নিশ্চিত করতে ব্য হয়েছেন। সেক্ষেত্রে পরবর্তী সময় থেকে দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় সিদ্ধান্ত নেওয়া ক্ষেত্রে ছাত্রদের উপস্থিতি নিশ্চিত করার দাবি জানান তারা। একইসঙ্গে আহতদের পুনর্বাসনে দাবি জানিয়ে তারা বলেন, জুলাই বিপ্লবে আহতদের চিকিৎসায় সমন্বয়হীনতা দেখা গেছে, এ নিরসন করতে হবে। সর্বোপরি রাষ্ট্রযন্ত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের অংশগ্রহ নিশ্চিত করতে হবে।

---

*শিহাব উদ্দিন*